



লেবানন যুদ্ধ অবসানে অগ্রগতি হয়েছে: ইরানের পররাষ্ট্রমন্ত্রী



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগ্‌চি। ছবি: সংগৃহীত

লেবানন যুদ্ধের অবসান ঘিরে গুরুত্বপূর্ণ অগ্রগতি হয়েছে বলে দাবি করেছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগ্‌চি। পাকিস্তান ও কাতারের যৌথ উদ্যোগের প্রশংসা করে সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক পোস্টে তিনি এ মন্তব্য করেন।

আরাগ্‌চি বলেন, পাকিস্তান ও কাতারের মধ্যস্থতায় যুদ্ধ বন্ধের প্রচেষ্টায় উল্লেখযোগ্য অগ্রগতি অর্জিত হয়েছে। তার দাবি, এর অংশ হিসেবে তেল ও পেট্রোকেমিক্যাল পণ্য রপ্তানির ওপর থাকা কিছু বিধিনিষেধ শিথিল করা হয়েছে, অবরোধ কমানো হয়েছে এবং জন্মকৃত কিছু সম্পদ মুক্ত করা হয়েছে। পাশাপাশি পুনর্গঠন ও উন্নয়ন কার্যক্রম নিয়েও অগ্রগতি হয়েছে বলে উল্লেখ করেন তিনি।

তবে এসব উদ্যোগের কার্যকারিতা যাচাইয়ের প্রথম বড় পরীক্ষা হবে 'লেবানন ডি-কনফ্লিকশন সেল' বলে মন্তব্য করেন ইরানি পররাষ্ট্রমন্ত্রী। তিনি ইঙ্গিত দেন, বাস্তবায়নের পর্যায়েই নির্ধারণ করবে অগ্রগতিগুলো কতটা কার্যকর।

এদিকে যুক্তরাষ্ট্র ও লেবানন সরকারের চলমান প্রত্যক্ষ আলোচনার বিরোধিতা করেছে হিজবুল্লাহ। এক বিবৃতিতে সংগঠনটি অভিযোগ করেছে, ওয়াশিংটনের প্রস্তাবিত শর্তগুলো লেবাননের সার্বভৌমত্বের জন্য ক্ষতিকর হতে পারে। তাদের দাবি, এ ধরনের আলোচনা জাতীয় স্বার্থের পরিবর্তে বাইরের পক্ষের অবস্থানকে শক্তিশালী করবে এবং প্রতিরোধ আন্দোলনের অর্জনকে দুর্বল করে দিতে পারে।